

ভূমি সংস্কার বোর্ড

শাখা-১ (প্রশাসন)

ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি

তেজগাঁও, ঢাকা-১২০৮।

www.lrb.gov.bd

বিষয় : ভূমি সংস্কার বোর্ডের ফেব্রুয়ারি, ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবু বকর ছিদ্দীক, চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

সভার তারিখ : ২৩ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি।

সভার সময় : বেলা ১১:০০ ঘটিকা।

সভার স্থান : সম্মেলন কক্ষ, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।

(উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত)

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে ভূমি সংস্কার বোর্ডে এবং বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ে নবযোগদানকৃত কর্মকর্তাদের সাথে সভাপতি পরিচিত হন। অতঃপর সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ জনাব মোছাঃ রেবেকা সুলতানাকে আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার আহবান জানান। প্রথমেই সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল এর প্রস্তাব মতে আলোচ্য বিষয় '৩' ক্রমিকের 'গ' সিদ্ধান্তে 'অসংগতি' শব্দটির পরিবর্তে 'নির্দেশনা' প্রতিস্থাপিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া আর কোন প্রকার সংশোধনী প্রস্তাব না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যসূচী অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন														
১	সংস্থাপন ভূমি সংস্কার বোর্ড শক্তিশালী করণ, জনবল, নিয়োগ ও পদোন্নতি	<p>আলোচনা: সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম, সভায় জানান যে, ভূমি সংস্কার বোর্ড শক্তিশালীকরণের নিমিত্ত গত ২২-০১-২০২৩ খ্রি: তারিখে ভূমি ব্যবস্থাপনা বোর্ড আইন-২০২৩ এর খসড়া এবং ০৯-০২-২০২৩ খ্রি: তারিখে ভূমি ব্যবস্থাপনা বোর্ড নিয়োগ বিধিমালা খসড়া ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আগামী ২৮-০২-২০২৩ খ্রি: তারিখ ভূমি ব্যবস্থাপনা বোর্ড আইন-২০২৩ খসড়া এর উপর আন্তঃমন্ত্রণালয় সভার তারিখ নির্ধারিত আছে।</p> <p>অতঃপর সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ভূমি সংস্কার বোর্ড ও আওতাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়সমূহের জনবলের তথ্যাদি সভায় উপস্থাপন করেন।</p> <table border="1"> <thead> <tr> <th>অনুমোদিত পদ</th> <th>কর্মরত পদ</th> <th>সকল শ্রেণির শূন্য পদ</th> <th>১ম শ্রেণির শূন্য পদ</th> <th>২য় শ্রেণির শূন্য পদ</th> <th>৩য় শ্রেণির শূন্য পদ</th> <th>৪র্থ শ্রেণির শূন্য পদ</th> </tr> </thead> <tbody> <tr> <td>১০৬</td> <td>৮২</td> <td>২৪</td> <td>১০</td> <td>২</td> <td>৭</td> <td>৫</td> </tr> </tbody> </table> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) ভূমি সংস্কার বোর্ড শক্তিশালীকরণের যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পাদন করা হবে।</p> <p>(খ) ভূমি ব্যবস্থাপনা বোর্ড আইন-২০২৩ এবং ভূমি ব্যবস্থাপনা বোর্ড নিয়োগ বিধিমালা-২০২৩ এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</p> <p>(গ) শূন্যপদে নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম দ্রুত গ্রহণ করা হবে।</p>	অনুমোদিত পদ	কর্মরত পদ	সকল শ্রেণির শূন্য পদ	১ম শ্রেণির শূন্য পদ	২য় শ্রেণির শূন্য পদ	৩য় শ্রেণির শূন্য পদ	৪র্থ শ্রেণির শূন্য পদ	১০৬	৮২	২৪	১০	২	৭	৫	(ক-গ) উপ-ভূমি সংস্কার কমিশনার-১ এবং সহকারী ভূমি সংস্কার কমিশনার-১
অনুমোদিত পদ	কর্মরত পদ	সকল শ্রেণির শূন্য পদ	১ম শ্রেণির শূন্য পদ	২য় শ্রেণির শূন্য পদ	৩য় শ্রেণির শূন্য পদ	৪র্থ শ্রেণির শূন্য পদ											
১০৬	৮২	২৪	১০	২	৭	৫											

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন																
২	শৃঙ্খলা	<p>আলোচনা: ভূমি সংস্কার বোর্ডের আওতাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয় ও মাঠ পর্যায়ের ভূমি অফিসমূহের কর্মকর্তা-কর্মচারীদের শৃঙ্খলামূলক কার্যক্রম নিম্নরূপ:</p> <table border="1"> <thead> <tr> <th>ক্রমিক নং</th> <th>দপ্তরের নাম</th> <th>কর্মচারীর নাম ও পদবি, কর্মস্থল</th> <th>বিভাগীয় শৃঙ্খলামূলক কার্যক্রমের বর্তমান অবস্থা</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা</td> <td>জনাব অজয় কৃষ্ণ সাহা, প্রশাসনিক কর্মকর্তা, ঢাকা বিভাগ, ঢাকা (সংযুক্তিতে ভূমি সংস্কার বোর্ড, শাখা-৫)</td> <td>অনীত অভিযোগের ভিত্তিতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখের ৯২ নং স্মারকে অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী তৈরি করে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</td> </tr> <tr> <td>২</td> <td>উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ</td> <td>জনাব মো: সাইফুল ইসলাম সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ</td> <td>ভূমি সংস্কার বোর্ডের ২৯-১২-২০২২ খ্রি. তারিখের ৮৯১ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জকে পত্র দেয়া হয়েছে।</td> </tr> <tr> <td>৩</td> <td>উপজেলা ভূমি অফিস, তেতুলিয়া, পঞ্চগড়</td> <td>জনাব মো: আবু সোয়েব, সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, তেতুলিয়া, পঞ্চগড়</td> <td>ভূমি সংস্কার বোর্ডের ১৯-০২-২০২৩ খ্রি. তারিখের ১১৩ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণের জন্য জেলা প্রশাসক, পঞ্চগড়কে পত্র দেয়া হয়েছে।</td> </tr> </tbody> </table> <p>এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত :</p> <p>(ক) বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম তদারকি অব্যাহত রাখতে হবে।</p>	ক্রমিক নং	দপ্তরের নাম	কর্মচারীর নাম ও পদবি, কর্মস্থল	বিভাগীয় শৃঙ্খলামূলক কার্যক্রমের বর্তমান অবস্থা	১	বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	জনাব অজয় কৃষ্ণ সাহা, প্রশাসনিক কর্মকর্তা, ঢাকা বিভাগ, ঢাকা (সংযুক্তিতে ভূমি সংস্কার বোর্ড, শাখা-৫)	অনীত অভিযোগের ভিত্তিতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখের ৯২ নং স্মারকে অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী তৈরি করে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	২	উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ	জনাব মো: সাইফুল ইসলাম সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ	ভূমি সংস্কার বোর্ডের ২৯-১২-২০২২ খ্রি. তারিখের ৮৯১ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জকে পত্র দেয়া হয়েছে।	৩	উপজেলা ভূমি অফিস, তেতুলিয়া, পঞ্চগড়	জনাব মো: আবু সোয়েব, সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, তেতুলিয়া, পঞ্চগড়	ভূমি সংস্কার বোর্ডের ১৯-০২-২০২৩ খ্রি. তারিখের ১১৩ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণের জন্য জেলা প্রশাসক, পঞ্চগড়কে পত্র দেয়া হয়েছে।	(ক) উপ-ভূমি সংস্কার কমিশনার-১ এবং সহকারী ভূমি সংস্কার কমিশনার-১
ক্রমিক নং	দপ্তরের নাম	কর্মচারীর নাম ও পদবি, কর্মস্থল	বিভাগীয় শৃঙ্খলামূলক কার্যক্রমের বর্তমান অবস্থা																
১	বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা	জনাব অজয় কৃষ্ণ সাহা, প্রশাসনিক কর্মকর্তা, ঢাকা বিভাগ, ঢাকা (সংযুক্তিতে ভূমি সংস্কার বোর্ড, শাখা-৫)	অনীত অভিযোগের ভিত্তিতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখের ৯২ নং স্মারকে অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী তৈরি করে ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।																
২	উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ	জনাব মো: সাইফুল ইসলাম সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, ভৈরব, কিশোরগঞ্জ	ভূমি সংস্কার বোর্ডের ২৯-১২-২০২২ খ্রি. তারিখের ৮৯১ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণের জন্য জেলা প্রশাসক, কিশোরগঞ্জকে পত্র দেয়া হয়েছে।																
৩	উপজেলা ভূমি অফিস, তেতুলিয়া, পঞ্চগড়	জনাব মো: আবু সোয়েব, সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, তেতুলিয়া, পঞ্চগড়	ভূমি সংস্কার বোর্ডের ১৯-০২-২০২৩ খ্রি. তারিখের ১১৩ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণের জন্য জেলা প্রশাসক, পঞ্চগড়কে পত্র দেয়া হয়েছে।																
৩	বাজেট ও অডিট আপত্তি	<p>আলোচনা: সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ ও হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোছা: রেবেকা সুলতানা সভায় জানান যে, ভূমি সংস্কার বোর্ড ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহে ২০২২-২০২৩ অর্থ বছরে মূল বাজেট বরাদ্দ রয়েছে ২২,৫৯,০০,০০০ টাকা। বিভিন্ন খাতে বিভিন্ন হারে কর্তনের পর আইবাসে প্রাপ্ত বাজেট ১৫,৬১,০৯,০০০ টাকা এবং তা হতে ৪,৬৭,৬৮,৪০০ টাকা খরচের পর অবশিষ্ট রয়েছে ১০,৯৩,৪০,৪০০ টাকা। সভাপতি বাজেটের অর্থ ব্যয় সমন্বয়ে সন্তোষ প্রকাশ করেন।</p> <p>সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ ও হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) সভায় জানান, ভূমি সংস্কার বোর্ডের ২০২১-২০২২ অর্থ বছরের চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ের সিভিল অডিটের প্রেক্ষিতে ১০টি অডিট আপত্তি এসেছে, যা নিষ্পত্তি করার কার্যক্রম চলমান। একই সাথে গৃহায়ণ ও ভৌত অবকাঠামো অডিট অধিদপ্তর থেকে ২০১৮-২০১৯ অর্থবছরে একটি অডিট আপত্তি এসেছে যার ব্রডশীট জবাব ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত :</p> <p>(ক) সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক বাজেটের অর্থ খরচের ক্ষেত্রে সীমা অতিক্রম করা যাবে না। এ অর্থ বছরের বাকি সময় খরচের অনুপাত/ধারাবাহিকতা বজায় রাখতে হবে।</p> <p>(খ) অডিট আপত্তিসমূহ নিয়মের গুরুত্ব দিয়ে দ্রুত নিষ্পত্তি করতে হবে।</p>	১। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ ২। সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ ৩। হিসাবরক্ষণ কর্মকর্তা																


নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন						
৪	ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের অফিসসমূহ পরিদর্শন কার্যক্রম	<p>আলোচনা: সভায় মাঠ পর্যায়ের অফিসসমূহ নিয়মিত পরিদর্শনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন ভূমি সংস্কার বোর্ডের অন্যতম প্রধান গুরুত্বপূর্ণ কাজ হলো মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন করা। এ প্রসঙ্গে সভার সভাপতি মাঠ পর্যায়ে উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে নিয়মিত ভূমি অফিসসমূহ পরিদর্শনের বিষয়ে তাগাদা দেন। সভাপতি বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শনের অভিজ্ঞতা তুলে ধরার আহ্বান জানালে জনাব আলমগীর হুসাইন, উপ-ভূমি সংস্কার কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল জানান যে, জানুয়ারি/২০২৩ মাসে পরিদর্শনকৃত ৪টি উপজেলা ভূমি অফিসের কোনটিতেই সহকারী কমিশনার (ভূমি) এর পদায়ন নেই। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণ এবং বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন কার্যক্রম জোরদার করবেন। পরিদর্শনের পরে অবশ্যই পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।</p> <p>(খ) মাঠ পর্যায়ের ভূমি অফিস পরিদর্শন প্রতিবেদন তৈরি ও দাখিলের জন্য একটি সফটওয়্যার তৈরি করার কাজ সম্পন্ন করা হবে।</p> <p>(গ) মাঠ পর্যায়ের সহকারী কমিশনার (ভূমি) এর শূন্য পদে কর্মকর্তা পদায়নের জন্য ভূমি মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।</p>	<p>(১) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)</p> <p>(২) উপ-ভূমি সংস্কার কমিশনার-১</p> <p>(৩) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ ও ২</p> <p>(৪) সহকারী কমিশনার (ভূমি) সকল।</p> <p>(৫) সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার।</p> <p>(৬) সহকারী প্রোগ্রামার।</p>						
৫	ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ এবং আদায়	<p>আলোচনা: ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ ও আদায় এবং আদায় প্রতিবেদন অনলাইনে আপডেট করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করে সময়ানুগ পদ্ধতি অনুসরণপূর্বক মামলা শেষ করার বিষয়ে আলোচনা হয়। বার্ষিক ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ও সংস্থার দাবি অনুযায়ী আদায় পর্যালোচনা করে সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ জনাব মোঃ ইকবাল হোসেন সভায় বিগত মাসের ভূমি উন্নয়ন কর আদায়ের বিবরণী তুলে ধরেন। সকল জেলা হতে এ পর্যন্ত ভূমি উন্নয়ন কর আদায়ের তথ্য নিম্নরূপঃ</p> <table border="1"> <tr> <td>জানুয়ারি/২০২৩ মাসের ৬৪ টি জেলার ভূমি উন্নয়ন করের আদায়</td> <td>সাধারণ+সংস্থা</td> <td>১০১৫২৯০০৮৬ টাকা</td> </tr> <tr> <td>জুলাই/২০২২ থেকে জানুয়ারি/২০২৩ মাসের ৬৪ টি জেলার ভূমি উন্নয়ন কর সর্বমোট পূঞ্জীভূত আদায়</td> <td>সাধারণ+সংস্থা</td> <td>৫৫৬১৩৬৮৩০১ টাকা</td> </tr> </table> <p>মাঠ পর্যায়ের অফিস পরিদর্শনের সময়ে উপভূমি সংস্কার কমিশনারগণকে ভূমি উন্নয়ন কর আদায়ে সহকারী কমিশনার (ভূমি)দেরকে আরো মনোযোগী ও দায়িত্বশীল হওয়ার জন্য তাগাদা দেয়ার বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন। সভাপতি সামনের দিনগুলোতে অর্থনৈতিক বিষয়সমূহ বিবেচনায় রেখে অধিকতর রাজস্ব সংগ্রহে যে সকল জেলায় ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ২৫% এর নিচে আদায় হয়েছে সে সকল জেলায় ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আদায়ে তৎপর হওয়ার জন্য এবং যে সকল জেলায় ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ২০ % এর নিচে আদায় হয়েছে সে সকল জেলায় ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি আদায়ে তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র দেয়ার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি জেলা প্রশাসকগণ ও সহকারী কমিশনার (ভূমি)গণকে দাবি মোতাবেক ভূমি রজস্ব আদায়ে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) পরিদর্শনের সময় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ ভূমি উন্নয়ন কর বিশেষ করে সংস্থার দাবি আদায়ে সহকারী কমিশনার (ভূমি)গণকে অধিকতর মনোযোগী হওয়ার জন্য তাগাদা দেবেন।</p> <p>(খ) যে সকল জেলায় ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ২৫ % এর নিচে আদায় হয়েছে সে সকল জেলায় ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি আদায়ে তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র দিতে হবে।</p> <p>(গ) যে সকল জেলায় ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ২০ % এর নিচে আদায় হয়েছে সে সকল জেলায় ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি আদায়ে তৎপর হওয়ার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র দিতে হবে।</p>	জানুয়ারি/২০২৩ মাসের ৬৪ টি জেলার ভূমি উন্নয়ন করের আদায়	সাধারণ+সংস্থা	১০১৫২৯০০৮৬ টাকা	জুলাই/২০২২ থেকে জানুয়ারি/২০২৩ মাসের ৬৪ টি জেলার ভূমি উন্নয়ন কর সর্বমোট পূঞ্জীভূত আদায়	সাধারণ+সংস্থা	৫৫৬১৩৬৮৩০১ টাকা	<p>(১) জেলা প্রশাসক (সংশ্লিষ্ট)</p> <p>(২) উপ-ভূমি সংস্কার কমিশনার- (সকল)</p> <p>(৩) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫</p>
জানুয়ারি/২০২৩ মাসের ৬৪ টি জেলার ভূমি উন্নয়ন করের আদায়	সাধারণ+সংস্থা	১০১৫২৯০০৮৬ টাকা							
জুলাই/২০২২ থেকে জানুয়ারি/২০২৩ মাসের ৬৪ টি জেলার ভূমি উন্নয়ন কর সর্বমোট পূঞ্জীভূত আদায়	সাধারণ+সংস্থা	৫৫৬১৩৬৮৩০১ টাকা							

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬	কৃষি খাস জমি বন্দোবস্ত সংক্রান্ত	<p>আলোচনা: সভায় কৃষি খাস জমির বন্দোবস্তের বিষয়ে আলোচনা হয়। খাস জমির ব্যবস্থাপনা সংক্রান্ত ভূমি সংস্কার বোর্ডের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। সারাদেশের খাস জমির বন্দোবস্তের হালনাগাদ তথ্য সংগ্রহের জন্য জেলা প্রশাসকগণকে পত্র দেয়ার বিষয়ে আলোচনা হয়। আলোচনায় সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬ জানান যে ৩৫ টি জেলা হতে এ সংক্রান্ত তথ্য পাওয়া গেছে। সারাদেশের চাষযোগ্য জমির হালনাগাদ তথ্য জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহের জন্য আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) সারাদেশের মোট খাস জমির তথ্য ও বন্দোবস্তের হালনাগাদ তথ্য জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(খ) সারাদেশের চাষযোগ্য জমির হালনাগাদ তথ্য জেলা প্রশাসকের কার্যালয় হতে সংগ্রহের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	(ক-খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬
৭	ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা।	<p>আলোচনা: ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটের তথ্য নিয়মিত হালনাগাদ করা সহ বোর্ডের গৃহীত কার্যক্রম, কর্মকর্তাদের তথ্যাবলি, কর্মশালা, প্রশিক্ষণ, সভা ইত্যাদির খবরসহ সচিত্র প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপ-ভূমি সংস্কার কমিশনার-১ এবং সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ কে ওয়েবসাইট রক্ষণাবেক্ষণ, হালনাগাদ ও বিভিন্ন কার্যক্রমের সচিত্র খবর সন্নিবেশ করার বিষয়ে তথ্য প্রযুক্তি কর্মকর্তাদের কার্যক্রম তত্ত্বাবধান করার জন্য সভাপতি তাগাদা দেন।</p> <p>সিদ্ধান্ত :</p> <p>(ক) বোর্ডের ওয়েবসাইটটি ও বিভাগীয় উপ ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করণসহ যাবতীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য জনাব শামসুদ্দিন আহমেদ, সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার এবং জনাব মোঃ আরাফাত রহমান, সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড দায়িত্ব পালন করবেন। বোর্ডের বিগত দিনের কার্যক্রমের ছবি ও খবরের সফট কপি সংরক্ষণ এবং আপলোড করার জন্য সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। উপ-ভূমি সংস্কার কমিশনার-১ জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম ও সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ জনাব মুহাম্মদ রফিকুল ইসলাম ওয়েবসাইট ব্যবস্থাপনার বিষয়ে কারিগরি কর্মকর্তাগণের সার্বিক কার্যক্রম তদারক করবেন।</p>	(ক) উপ-ভূমি সংস্কার কমিশনার- (সকল)/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার।
৮	ই-নথি কার্যক্রম	<p>আলোচনা: সভায় বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ে ই-নথির কার্যক্রম চালু করার প্রস্তাব নিয়ে আলোচনা করা হয়। ভূমি সংস্কার বোর্ডের শাখা ভিত্তিক ই-নথিতে এবং অফলাইনে পত্র জারির পরিসংখ্যান পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) সকল নথি ই-নথিতে নিষ্পত্তির চেষ্টা অব্যাহত রাখতে হবে এবং ই-নথিতে শতভাগ পত্রজারির সিদ্ধান্ত গৃহীত হলো।</p> <p>(খ) ই-নথিতে প্রাপ্ত চিঠি উপস্থাপন কার্যক্রম বাড়ানো হবে।</p> <p>(গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়ে ই-নথির কার্যক্রম চালু করতে হবে।</p>	(ক) ভূমি সংস্কার বোর্ডের সকল কর্মকর্তা। (খ) ভূমি সংস্কার বোর্ডের সকল শাখার প্রশাসনিক কর্মকর্তা/উচ্চমান সহকারী/ব্যক্তিগত সহকারী। (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার ও আইটি শাখা।

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন
৯	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন	<p>আলোচনা: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ সভায় জানান, APA এর কার্যক্রম সম্পন্ন করার জন্য শাখাসমূহ কাজ করছে। ২০২১-২২ খ্রি. অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন খসড়া ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। যথাসময়ে ২০২১-২০২২ খ্রি. অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন চূড়ান্তভাবে প্রকাশ করা হবে। অফিসের কর্মপরিবেশ উন্নয়নে অফিসের বিভিন্ন দৃশ্যমান স্থানে ফুল ও সৌন্দর্য বর্ধনকারী গাছের টব প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) APA এর শাখা ভিত্তিক কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সহকারী ভূমি সংস্কার কমিশনারগণকে অনুরোধ করা হয়।</p> <p>(খ) গত ২০২১-২০২২ খ্রি. অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন সময়ানুগ দ্রুত প্রকাশের জন্য বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটিকে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।</p> <p>(গ) অফিসের কর্মপরিবেশ উন্নয়নে পাক্ষিক ভিত্তিতে অফিসের দৃশ্যমান স্থানে ফুল ও সৌন্দর্য বর্ধনকারী গাছের টব প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।</p>	<p>(ক) সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল)</p> <p>(খ) সংশ্লিষ্ট কমিটি।</p> <p>(গ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-২</p>
১০	LMIS বাস্তবায়ন সংক্রান্ত	<p>আলোচনা: LMIS এর আওতায় বাস্তবায়নাধীন সফটওয়্যার ব্যবহার নিয়ে সভায় আলোচনা হয়। সভাপতি মাইসফট হ্যাভেন বিডি (লিঃ) এর সফটওয়্যার এর ওয়েবপেজ বেশকিছু সমস্যার বিষয়ে উপস্থাপন করেন। উক্ত সমস্যাগুলো একটি তালিকা করে সমাধানের জন্য মাইসফট হ্যাভেন বিডি (লিঃ) সাথে যোগাযোগ করার জন্য সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ জনাব সাবরিনা সুলতানাকে নির্দেশনা প্রদান করা হয়। সফটওয়্যারের সমস্যাগুলো নোটবুকে লিখে রাখা এবং তা সভাপতির মাধ্যমে সমাধানের জন্য আলোচনা করা হয়। LMIS ব্যবহারের বিষয়ে বোর্ডের তথ্য প্রযুক্তি কর্মকর্তাগণ নিয়মিত ভেতরের সাথে যোগাযোগ রাখবেন মর্মে সভায় আলোচনা হয়। LMIS এর আওতাধীন কতিপয় কাজ ভূমি মন্ত্রণালয় ও অটোমেশন প্রকল্পের মাধ্যমে সম্পন্ন হচ্ছে। তাই LMIS এর আওতাধীন কর্মসূচীর বিষয়ে পুনর্বিবেচনা করা যেতে পারে। LMIS এর কার্যক্রম সঠিক হচ্ছে কিনা তা সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ জনাব সাবরিনা সুলতানাকে তদারকি করার জন্য অনুরোধ করা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) ভূমি সংস্কার বোর্ডের তথ্য প্রযুক্তি কর্মকর্তাগণ LMIS ভেতরের সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন।</p> <p>(খ) LMIS এর কার্যক্রম সঠিক হচ্ছে কিনা তা সহকারী ভূমি সংস্কার কমিশনার জনাব সাবরিনা সুলতানা নিয়মিত তদারকি করবেন।</p> <p>(গ) LMIS এর কর্ম পরিধি সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে।</p>	<p>(ক) ভূমি সংস্কার বোর্ডের কারিগরি কর্মকর্তাগণ।</p> <p>(খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪</p> <p>(গ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪</p>

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন												
১১	বিবিধ	<p>আলোচনা: সারা দেশের কাচারি পুকুরের তালিকা সংগ্রহ করে সেগুলোকে উন্নয়নমূলক প্রকল্পের আওতাভুক্ত করা, বৃক্ষরোপন ও সবুজায়ন কর্মসূচী গ্রহণ ও অনাবাদি চাষযোগ্য জমি চাষাবাদের আওতাভুক্ত করার বাস্তব সম্মত পরিকল্পনা গ্রহণের নিমিত্ত ভূমি সংস্কার বোর্ড হতে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে সঞ্জীবনী প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত:</p> <p>(ক) সারাদেশের কাচারি পুকুরের তালিকা প্রেরণ, কাচারি পুকুরগুলো উন্নয়ন, পুকুর পাড়ে বনায়ন, সবুজায়ন ও আওতাধীন অনাবাদি জমি চাষের আওতায় নিয়ে আসার কার্যক্রম গ্রহণের বিষয়ে ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।</p> <table border="1"> <thead> <tr> <th>ক্র: নং</th> <th>কর্মকর্তার পদবি</th> <th>মন্তব্য</th> </tr> </thead> <tbody> <tr> <td>১</td> <td>সদস্য (ভূমি ব্যবস্থাপনা)</td> <td>আহবায়ক</td> </tr> <tr> <td>২</td> <td>উপ-ভূমি সংস্কার কমিশনার-৩</td> <td>সদস্য</td> </tr> <tr> <td>৩</td> <td>সহকারী-ভূমি সংস্কার কমিশনার-৬</td> <td>সদস্য-সচিব</td> </tr> </tbody> </table> <p>(খ) ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণের বিষয়ে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬, কোটালীপাড়া, গোপালগঞ্জে অবস্থিত বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (BAPARD) কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করবেন।</p>	ক্র: নং	কর্মকর্তার পদবি	মন্তব্য	১	সদস্য (ভূমি ব্যবস্থাপনা)	আহবায়ক	২	উপ-ভূমি সংস্কার কমিশনার-৩	সদস্য	৩	সহকারী-ভূমি সংস্কার কমিশনার-৬	সদস্য-সচিব	(ক ও খ) ভূমি সংস্কার বোর্ড ও উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)
ক্র: নং	কর্মকর্তার পদবি	মন্তব্য													
১	সদস্য (ভূমি ব্যবস্থাপনা)	আহবায়ক													
২	উপ-ভূমি সংস্কার কমিশনার-৩	সদস্য													
৩	সহকারী-ভূমি সংস্কার কমিশনার-৬	সদস্য-সচিব													

আর কোনো আলোচনা না থাকায় মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম গতিশীল ও জনবান্ধব করার জন্য সর্বাধিক গুরুত্ব আরোপ করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


 মোঃ আবু বকর সিদ্দিক
 চেয়ারম্যান (সচিব)
 ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
 ফোন নং-০২-৮১৭০১৪৩
 ই-মেইল-chairman@lrb.gov.bd

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, (২য় ১২ তলা ভবন) ঢাকা।
৩. মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
২. উপ ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৩. উপ ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. ম্যানেজার, ভাওয়াল রাজ এস্টেট/ঢাকা নওয়াব এস্টেট, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৫. সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৬. চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৭. হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৮. সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা। (এ কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. প্রশাসনিক কর্মকর্তা- প্রধান কার্যালয়/ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১০. জনাব

mmh
২২/৩/২৩
(মুহাম্মদ রফিকুল ইসলাম)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
(সিনিয়র সহকারী সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন: ০২-৮১৭০১৫২
ই-মেইল: alrc1@lrb.gov.bd